


ইডেন কলেজের নতুন অধ্যক্ষ ফেরদৌসী বেগম

ঢাবি প্রতিবেদক

০২ জানুয়ারি ২০২৪, ০৭:২৭ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্ত রাজধানীর ইডেন মহিলা কলেজের নতুন অধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক ফেরদৌসী বেগম। এর আগে তিনি প্রতিষ্ঠানটির উপাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন।

আজ মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি কলেজ-২ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

ইডেনের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সুপ্রিয়া ভট্টাচার্য অবসরে যাওয়ায় তার স্থলাভিষিক্ত হলেন অধ্যাপক ফেরদৌসী বেগম।

ইডেন মহিলা কলেজ